ব্যাঙ্কিংয়ে হিন্দি, আঞ্চলিক ভাষার অবদান, সেমিনার এসবিআইয়ের

স্টাফ রিপোর্টার : ব্যাঙ্কিং ব্যবসায় হিন্দি এবং আঞ্চলিক ভাষার অবদান বিষয়ে আলোচনাসভা আয়োজন করল ভারতীয় স্টেট ব্যাঙ্কের কলকাতা বিভাগের প্রধান কার্যালয়ের রাজভাষা বিভাগ। সভাপতিত্ব করেন ডেপুটি জেনারেল ম্যানেজার ও সিডিও দীনেশ ভার্মা। বক্তা হিসাবে ছিলেন রাজভাষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয় (পূর্ব)-এর উপ-পরিচালক নির্মলকুমার দুবে। অনুষ্ঠানে ছিলেন উচ্চপদস্থ কর্তা ও বিপুল সংখ্যক কর্মচারীরা। নির্মলকুমার দুবে বলেন, ''পশ্চিমবাংলার সাধারণ মানুষের ভাষা বাংলা, কিন্তু অধিকাংশ মানুষ হিন্দি বলতে ও বুঝতে পারেন। অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য হিন্দি ও আঞ্চলিক ভাষার ব্যবহার জরুরি। সময়ের সঙ্গে ব্যাঙ্কিং ব্যবসায় ব্যবহৃত প্রযুক্তির সমস্ত ক্ষেত্রে আঞ্চলিক ভাষা এবং হিন্দি ভাষা ব্যবহার করা উচিত, তবেই ব্যাঙ্কিং প্রোডাক্টস সমাজের সমস্তস্তরের মানুষের কাছে নিজস্ব ভাষায় উপলব্ধ হবে।'' অনুষ্ঠানের সূচনা করেন ব্যাঙ্কের স্থানীয় প্রধান কার্যালয়ের রাজভাষা বিভাগের সহকারী মহাব্যবস্থাপক অলোক কুমার। সভাপতি দীনেশ ভার্মা ব্যাঙ্কিং ব্যবসায় হিন্দি ও অন্যান্য আঞ্চলিক ভাষা ব্যবহারের জন্য প্রচেষ্টা ও কাজ সম্পর্কে অবহিত করেন। এই উপলক্ষে, ২০২২-২৩ সালে অফিসে হিন্দিতে সবচেয়ে বেশি কাজ করা বিভাগ এবং কর্মী সদস্যদের পুরস্কৃত করা হয়। ধন্যবাদ জ্ঞাপন করেন রাজভাষা বিভাগের মুখ্য ব্যবস্থাপক বিজয়কুমার দাস।

খালে সিঙ্গাপুরের ক্লার্ক কি-র ধাঁচে পর্যটনক্ষেত্রের পরিকল্পনা

টালিনালার পাড় দখলে ক্ষুব্ধ মেয়র

স্টাফ রিপোর্টার : একসময় যা ছিল পণ্য পরিবহণের খাল। এখন তাই নোংরা কালো জলে ঢাকা, দুর্গন্ধের আখড়া। টালিনালার কপালে দুর্ভোগ বাড়িয়েছে দুপাশের জবরদখলকারীরা। তাদের মল, মূত্র রোজকার ব্যবহৃত নোংরা বর্জ্য এসে পড়ে এই খালে। যা দেখে সোমবার ক্ষুব্ধ কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। ত্রিশ কোটি টাকা ব্যয়ে ড্রেজিংয়ের কাজ শুরু হয়েছে টালিনালায়। কিন্তু লাভ হচ্ছে কি? ফিরহাদ হাকিমের কথায়, ''সংস্কারের কাজ চলছে কিন্তু আমার দুর্ভাগ্য, রোজ রোজ লোক এসে দু পাড় দখল করে নিচ্ছে।'' ক্ষুব্ধ মেয়র টালিনালা পরিদর্শন করে জানিয়েছেন, নিত্য নতুন দখল হবে। আর তাদের তুলতে বাংলার বাড়ি প্রকল্পে ঘর দেওয়া হবে। এমনটা চলতে পারে না!

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, পুনর্বাসন ছাড়া শহরে উচ্ছেদ হবে না। কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন, গঙ্গার ধারে অনেক এসে রয়েছেন। যাঁদের দৈনন্দিন বর্জ্য নদীতে এসে পড়ছে। তাঁদের অবশ্যই পুর্নবাসন দেওয়া হবে। খালি করে গাছ লাগানো হবে। তবে আবার নতুন করে যেন দখল না হয় তা নিশ্চিত করতে হবে। জবরদখল ঠেকাতে পুলিশ এবং আমজনতাকে এগিয়ে আসার বার্তা দিয়েছেন মেয়র।

টালিনালায় সিঙ্গাপুরের ধাঁচে পর্যটনকেন্দ্র খুলতে চায় পুরসভা। সিঙ্গাপুরের 'ক্লার্ক-কি'-র ধাঁচেই টালিনালাকে সাজানোর ইচ্ছে প্রকাশ করে মেয়র জানান, সিঙ্গাপুরের ক্লার্ক কি একসময় মজে যাওয়া, স্থবির এক খাল ছিল। টালি নালার মতোই। সিঙ্গাপুরের সেই মজে যাওয়া নদীর জলটাকে ট্রিটমেন্ট করে এমন করা হয়েছে এখন সেখানে ছিটেফোঁটাও গন্ধ নেই। চারিদিকে রেস্তোরাঁ। কলকাতার পর্যটনে এমন জায়গা নিতে পারে টালিনালা। বিশেষজ্ঞদের পরামর্শ নিচ্ছেন ফিরহাদ। আদিগঙ্গা থেকে শুরু হয়ে বেহালা, কালীঘাট, হয়ে সোনারপুরে গিয়েছে ১৫ কিলোমিটারের বেশি দীর্ঘ এই টালিনালা। টালিনালার দুপাশে যেখানে ধস নামছে, সেখানে শালবল্লা লাগানো হবে।

ডায়মন্ড সিটি ওয়েস্ট এলাকায় টালিনালা পরিদর্শনে মেয়র ফিরহাদ হাকিম। রয়েছেন বরো চেয়ারম্যান দেবলীনা বিশ্বাস, কাউন্সিলর রত্না শূর ও অসীম বসু।

গাঁজা বিক্রির প্রতিবাদে কাউন্সিলর

নিজস্ব প্রতিনিধি, দমদম : বিধাননগর এয়ারপোর্ট ডিভিশনের এসিপি অফিসের সামনেই দীর্ঘদিন ধরে বিক্রি হচ্ছে গাঁজা ও গাঁজা সেবনের সামগ্রী। যার জেরে বাড়ছে অসামাজিক কার্যকলাপ। এমনই অভিযোগ তুলে সোমবার প্রতিবাদে পথে নামলেন বিধাননগর পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর ইন্দ্রনাথ বাগুই। তাঁর অভিযোগ, গাঁজা বিক্রিতে যুক্ত সিভিক ভলান্টিয়ার মোহন ভৌমিক। দীর্ঘদিন ধরে এই কাজ চলছে। প্রতিবাদ করলে ওই সিভিক ভলান্টিয়ার নিজের পুলিশি প্রভাব খাটানোর চেষ্টা করেন। বাগুইআটি থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। মোহন ভৌমিক অবশ্য অভিযোগ অস্বীকার করে জানিয়েছেন, তাঁর দোকান বাড়ানো নিয়ে গোলমালের জেরেই এই অভিযোগ তোলা হয়েছে।

আত্মঘাতী ছাত্রী

স্টাফ রিপোর্টার : ঘর থেকে নাবালিকার ঝুলন্ত দেহ উদ্ধারে চাঞ্চল্য ফুলবাগান এলাকায়। মানিকতলা মেন রোডের বাসিন্দা। ইন্দ্রাণী মেমোরিয়াল গার্লস স্কুলের নবম শ্রেণির ছাত্রী ছিলেন। রবিবার রাতে টিনের ঘরে সিলিং ফ্যানের সঙ্গে ওড়না গলায় জড়িয়ে আত্মহত্যা করেন। সূত্রে খবর, কয়েক মাস ধরে মানসিক অবসাদে ভুগছিলেন।

পঞ্চাশ লিটার ড্রেনের জল নিয়ে

নালার জল শোধনে পুরসভা যাচ্ছে খড়গপুর আইআইটি

স্টাফ রিপোর্টার : শহরের নালার জল কতটা দূষিত, তা জানতে খড়গপুর আইআইটির শরণাপন্ন হচ্ছে কলকাতা পুরসভা।

অভিযোগ, পরিস্রুত পানীয় জল দিয়ে ধোঁয়া হচ্ছে গাড়ি। জলের এই অপব্যবহার রুখতে নিকাশি নালার কাদা-জল তুলে তাকে একাধিক প্রক্রিয়ায় পরিষ্কার করে গাড়ি ধোয়ার জল তৈরি করার ভেবেছে পুরসভা। ভাবলেই তো হল না, বাস্তবে তা করার জন্য জানতে হবে কী উপায়ে পরিষ্কার করা যাবে জলকে। আইআইটি খড়গপুরের অধ্যাপক শীর্ষেন্দু দে-কে মেল করেছিল কলকাতা পুরসভার মেয়র পারিষদ (নিকাশি) তারক সিং। নিকাশি বিভাগের ডিজি ফোনে কথা বলেন অধ্যাপক দে-র সঙ্গে। চাওয়া হয় সময়। সেইমতো আইআইটি খড়গপুরের তরফে দেওয়া হয়েছে উত্তর। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক শীর্ষেন্দু দে কলকাতা পুরসভাকে করা মেলে লিখেছেন, ''কলকাতা পুরসভার সঙ্গে যৌথভাবে কাজ করতে ইচ্ছুক আইআইটি খড়গপুর। ১৩ থেকে ১৬ ডিসেম্বরের মধ্যে ৫০ লিটার জল নিয়ে দ্রুত চলে আসুন।'' সেইমতো ৫০ লিটার নিকাশি নালার জল নিয়ে আইআইটি খড়গপুর যাচ্ছেন কলকাতা পুরসভার নিকাশি বিভাগের আধিকারিকরা। মেয়র পারিষদ তারক সিং জানিয়েছেন, খড়গপুর আইআইটির ল্যাবরেটরিতে তা পরীক্ষা করে দেখা হবে। কী ধরনের ব্যাকটিরিয়া রয়েছে ওই জলে। কীভাবে তা ব্যাকটিরিয়া মুক্ত করা যায় সে নিয়েও আলোচনা হবে পুরসভা আর আইআইটি খড়গপুরের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপকদের। তিলোত্তমায় মাথা পিছু ২০০ লিটারের বেশি পরিস্রুত জল সরবরাহ করেও কূল পাচ্ছে না কলকাতা পুরসভা। শহরের উত্তর থেকে দক্ষিণ, প্রায়ই অভিযোগ আসে, এলাকায় জল নেই। সে সমস্যা সমাধানেই নিকাশি নালার জল পরিশুদ্ধ করে তা দিয়েই গাড়ি ধোয়ার বন্দোবস্ত করার চিন্তা করেছে কলকাতা পুরসভা। ঠিক হয়েছে উত্তর কলকাতার হেদুয়া, পূর্ব কলকাতার ইএম বাইপাস, দক্ষিণ কলকাতার সাদার্ন অ্যাভিনিউতে নিকাশি নালার জল পরিস্রুত করার প্ল্যান্ট হবে। উল্লেখ্য, চাঁপদানি পুরসভায় এমন একটি প্রকল্প রয়েছে। সেখানে প্ল্যান্ট তৈরিতে খরচ হয়েছে আনুমানিক ২৫ লক্ষ টাকা। মেয়র পারিষদ তারক সিং জানিয়েছেন, চাঁপদানি পুরসভার সেই প্ল্যান্ট আমরা পরিদর্শন করেছি। জলে মারাত্মক দুর্গন্ধ রয়েছে। সেই জল চাঁপদানি পুরসভার এলাকার গাছে দেওয়া হয়। সেই গন্ধ তাড়াতেই এবার খড়গপুর আইআইটির দ্বারস্থ হচ্ছে কলকাতা পুরসভা। সূত্রের খবর, জল সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্টে যেভাবে শোধন করা হয় সে প্রক্রিয়াতেই শোধন হবে এই প্ল্যান্টে।

নির্দেশ কলকাতা পুলিশ কমিশনারের

সাইবার অপরাধ নিয়ন্ত্রণে মাইকে প্রচার করবেন ওসিরা

স্টাফ রিপোর্টার : সাইবার অপরাধ নিয়ন্ত্রণে কলকাতার প্রত্যেক থানার ওসিকে মাইক নিয়ে এলাকায় প্রচারের নির্দেশ দিলেন পুলিশ কমিশনার বিনীত গোয়েল। সোমবার লালবাজারের পুলিশকর্তা ও প্রত্যেক থানার ওসিকে নিয়ে বৈঠকে বসেন সিপি। নিত্যনতুন পদ্ধতিতে ফাঁদ পাতছে সাইবার জালিয়াতরা। তাতে পা দিয়ে সর্বস্ব হচ্ছেন বহু শহরবাসী। যদিও ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর তথ্য অনুযায়ী, কলকাতায় সাইবার অপরাধের সংখ্যার গ্রাফ নিম্নমুখী। তবু দেখা গিয়েছে, বেশিরভাগ ক্ষেত্রেই অভিযোগকারীকে ব্যাঙ্ক থেকে টাকা ফেরত দেওয়ার চেষ্টা করে পুলিশ। তাই অনেক সময় অভিযোগকারীরা অভিযোগও দায়ের করেন না। সিপি প্রত্যেক ডিভিশনের ডিসিকে নির্দেশ দেন, তাঁদের নজরদারিতেই প্রত্যেক থানার ওসি ও পুলিশ অফিসাররা নিজেদের এলাকায় মাইক নিয়ে ঘুরে ঘুরে প্রচার চালাবেন, যাতে কেউ জালিয়াতদের ফাঁদে পা না দেন। কী কী পদ্ধতিতে সাইবার জালিয়াতি হতে পারে, তা-ও জানাতে হবে। বিলি করতে হবে লিফলেটও। থানায় অভিযোগ দায়ের করতে আসা প্রত্যেকের সঙ্গে ভালো ব্যবহার করতে হবে। কোনও তদন্তের কারণে কাউকে ডেকে পাঠালেও তাঁর সঙ্গে খারাপ ব্যবহার করা যাবে না। কোনও পুলিশকর্মী মানসিকভাবে বিপর্যস্ত হলে তাঁকে অস্ত্র নিয়ে ডিউটি করতে দেওয়া যাবে না।

কলকাতা পুরসভা

জলাভূমি বুজিয়ে নির্মাণ রিপোর্টে ক্ষুব্ধ কোর্ট, এক লক্ষ জরিমানা

স্টাফ রিপোর্টার : কলকাতা শহরে জলাভূমি বুজিয়ে বেআইনি নির্মাণ নিয়ে বিভ্রান্তিকর তথ্য দেওয়ায় এবং যথাযথভাবে আদালতের নির্দেশ না মানায় এবার কলকাতা পুরসভাকে এক লক্ষ টাকা জরিমানা করল কলকাতা হাই কোর্ট। সোমবার এই সংক্রান্ত মামলায় কেএমসিকে করা জরিমানার এক লক্ষ টাকা রাজ্যের লিগ্যাল এড সার্ভিস অথরিটির কাছে জমা দেওয়ার নির্দেশ দিয়েছে হাই কোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। কলকাতায় একাধিক এলাকায় বেআইনিভাবে জলাশয় ভরাট করা হচ্ছে বলে অভিযোগ তুলে জনস্বার্থ মামলা দায়ের হয় হাই কোর্টে। সেই মামলাতেই পুরনিগমের কাছে এ নিয়ে বিস্তারিত রিপোর্ট চেয়েছিল হাই কোর্ট। আদালতে জমা দেওয়া ২০২১ সাল পর্যন্ত রিপোর্টে জানানো হয়, ৪২২২ টির মতো জলাশয় ভরাট করা হয়েছে কলকাতায়। ২০২১-এর পরের রিপোর্ট আর দেওয়া হয়নি। এদিন তা নিয়েই অসন্তুষ্ট হন প্রধান বিচারপতি। একইসঙ্গে, বিগত কয়েক বছরে কলকাতা পুরসভার ৪৪টি ওয়ার্ডে ৮২৫০টি জলাভূমির রেকর্ড অফ রাইটস বদল হয়েছে। জলাভূমি হিসাবে শ্রেণিভুক্ত জমির চরিত্র বদল হয়ে গিয়েছে। ভূমি ও ভূমি রাজস্ব দফতরের ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভে অ্যান্ড জয়েন্ট রিফর্মস কমিশনারের পেশ করা রিপোর্টে জানা গিয়েছে, কলকাতার ১০১ থেকে ১৪৪ নম্বর ওয়ার্ডে ১৯৫টি মৌজার সমীক্ষায় উঠে এসেছে, জলাভূমি হিসাবে শ্রেণিভুক্ত মোট ১২,৪৪২টি জমির মধ্যে ৮,২৫০টি জলাভূমির রেকর্ড অফ রাইটস পরিবর্তন করা হয়েছে। পুরনিগমের উদ্দেশে প্রধান বিচারপতির প্রশ্ন, জানেন না, কোথায় জলাশয় বন্ধ করে বেআইনি নির্মাণ হয়েছে? বেআইনি নির্মাণ নিয়ে যে সব নির্দেশ দেওয়া হয়েছে, তার মধ্যে কটা মানা হয়েছে তা-ও জানতে চায় আদালত। তিনি আরও বলেন, "আপনাদের তো ভোট ব্যাঙ্ক আছে। কিছু তো করা দরকার!" উল্লেখ করেন, "জলাশয় নিয়ে অনেক মামলা হয়েছে। সঠিকভাবে পুরনিগম চাইলে তবেই সমস্যার সমাধান সম্ভব, না হলে নয়।"

উত্তর মধ্য রেলওয়ে G20

টেন্ডার বিজ্ঞপ্তি নং : জিএসইউ/ইলেক্ট/পিআরওয়াইজে/ই-টেন্ডার বিজ্ঞপ্তি/২০২৩/২১ তারিখ : ০৭.১২.২০২৩

গতিশক্তি ইউনিট

ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/জিএসইউ/এন সি রেলওয়ে/প্রয়াগরাজ ভারতের রাষ্ট্রপতির জন্য এবং পক্ষে নিম্নলিখিত কাজের জন্য নির্ধারিত ফর্মে **০৩.০১.২০২৪-এর ১৫.০০ ঘণ্টা** পর্যন্ত ই-টেন্ডার সমূহ আহ্বান করছেন। টেন্ডারের বিশদ নিম্নরূপ।

টিএন : জিএসইউ-ইএল-ডাব্লুসি-২৮-২০২৩, **কাজের মূল্য (টাকায়) : ৩৪৭১৮৬৭.৯৯**

কাজের নাম : প্রয়াগরাজ-টুন্ডলা : টুন্ডলাতে এলসি-৭১ আরওবি নির্মাণ থেকে নির্ধারিত টুন্ডলাতে টাইপ-২ নতুন কোয়ার্টারগুলির দ্বারা ২২ নং টাইপ-১ ও টাইপ-২ কোয়ার্টারগুলির প্রতিস্থাপন সহ সেই প্রসঙ্গে বৈদ্যুতিক কাজ।

বিড সিকিউরিটি (টাকায়) : ৬৯৪০০.০০, **সম্পাদনের পর্যায় :** ০৬ মাস। **টেন্ডার খোলার তারিখ :** ০৩.০১.২০২৪, ১৫.০০ ঘণ্টা। **দ্রষ্টব্য :** ১. উপরোক্ত ই-টেন্ডার ডকুমেন্টের সম্পূর্ণ তথ্য সহ টেন্ডার ডকুমেন্ট নির্ধারিত খোলার তারিখের **১৫.০০ ঘণ্টা** পর্যন্ত ওয়েবসাইট **"www.ireps.gov.in"** তে পাওয়া যাবে। **2005/23(AN)**

North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @ CPRONCR

উত্তর মধ্য রেলওয়ে G20

টি. বিজ্ঞপ্তি নং. জিএসইউ/ইলেক্ট/পিআরওয়াইজে/ই-টেন্ডার বিজ্ঞপ্তি/২০২৩/২২ তারিখ : ০৯.১২.২০২৩

ই-টেন্ডার বিজ্ঞপ্তি

ডিওয়াই. চিফ ইলেট্রিক্যাল ইঞ্জিনিয়ার/জিএসইউ/এন.সি. রেলওয়ে/প্রয়াগরাজ, ভারতের রাষ্ট্রপতির পক্ষে নিম্নলিখিত ই-টেন্ডার আমন্ত্রণ জানায়, টেন্ডারের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

টি.নং. : জিএসইউ-ইএল-ডব্লুসি-২৯-২০২৩, **কাজের বিবরণ :** প্রয়াগরাজ বিভাগের পিআরওয়াইজে-এএলজেএন সেকশনের মধ্যে ৬টি ওভাররান/স্যান্ড হাম্পের বিধানের কারণে ০৫টি স্টেশনে ২৫ কেভি ওএইচই পরিবর্তনের কাজ যেমন পিটিএক্স, বিবিএল, এসবি, এফজেডডি এবং জেএলএস। **বিজ্ঞাপনের মূল্য :** টা. ২০৬৫৬২১১.৯৬, **বিড সিকিউরিটি :** টা. ২৫৩৩০০.০০, **সমাপ্তির সময়কাল :** ০৯ মাস, **বিডিং সিস্টেম :** সিঙ্গেল প্যাকেট, **টেন্ডার বন্ধের তারিখ এবং সময় :** ০৩.০১.২০২৪ এবং ১৪.০০ ঘণ্টা, **টেন্ডার খোলার তারিখ এবং সময় :** ০৩.০১.২০২৪ এবং ১৫.০০ ঘণ্টা, **বরাদ্দ :** মূলধন, **ইউডব্লুআইডি নং.** ০৬০২১৬২২১০০১

দ্রষ্টব্য : ১. উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য টেন্ডার খোলার তারিখের ২১ দিন আগে ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। ২. উপরোক্ত টেন্ডারের বিপরীতে ই-বিড ছাড়া অন্য কোনো টেন্ডার গ্রহণ করা হবে না। এই উদ্দেশ্যে, বিক্রেতাদের ডিজিটাল স্বাক্ষর শংসাপত্র সহ **আইআরইপিএস** ওয়েবসাইটে নিজেদের নিবন্ধন করতে হবে। ৩. যে কোনো অসুবিধার জন্য আইআরইপিএসের ওয়েবসাইটে প্রাপ্তব্য হেল্পডেস্কে জানানো যাবে। **2016/23 (P)**

North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @ CPRONCR

উত্তর মধ্য রেলওয়ে G20

নং : জিএসইউ-২-পিআরওয়াইজে-২২-২০২৩-জিসি তারিখ : ২৫.১১.২০২৩

ই-টেন্ডার বিজ্ঞপ্তি

ডেঃ চিফ ইঞ্জিনিয়ার-২/জিএসইউ/প্রয়াগরাজ, উত্তর মধ্য রেলওয়ে ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং কার্যনির্বাহী নিম্নলিখিত কাজগুলির জন্য **অবাধ টেন্ডার-দুই প্যাকেট পদ্ধতির** মাধ্যম সহ বন্ধের তারিখ/সময় ০২.০১.২০২৪-এর ১৫.০০ ঘণ্টা পর্যন্ত ই-টেন্ডার আহ্বান করছেন। ডাকদাতাগণ আসল/সংশোধিত ডাকগুলি কেবলমাত্র বন্ধের তারিখ এবং সময় পর্যন্ত তাদের ডাক জমা দিতে সমর্থ হবেন। এই টেন্ডারের প্রেক্ষিতে হাতে আবেদন অনুমোদিত হবে না এবং এই ধরনের যেকোনও আবেদন গৃহীত হলে অগ্রাহ্য করা হবে।

টেন্ডার নং : জিএসইউ-২-পিআরওয়াইজে-২২-২০২৩-জিসি | কাজের আনুমানিক ব্যয় (আইএনআর) : ₹ ৬.১০ কোটি

কাজের সংক্ষিপ্ত বিবরণ : গতিশক্তি ইউনিট, প্রয়াগরাজ ডিভিসনে প্রোজেক্টগুলির জন্য জেনারেল কনসালট্যান্ট নিয়োগ।

ইএমডির অর্থাংক (আইএনআর) : ₹ ৪,৫৫,১০০/- | টেন্ডার ডকুমেন্টের মূল্য : ০.০০/-

টেন্ডার খোলার তারিখ ও সময় : ০২.০১.২০২৪, **সম্পাদনের পর্যায় :** ১৮ মাস। **একই ধরনের কাজের জন্য যোগ্যতার নির্ণায়ক :** ডাকদাতাদের বর্তমান নির্ধারিত ডাকের পূর্বে বর্তমান আর্থিক বছর সমেত এবং বিগত ৫টি (পাঁচ) আর্থিক বছরের কাজ অথবা ₹ ২,১৩,৫৬,৪৩৬.০৬ (কনসালট্যান্সি সার্ভিসেস-এর আনুমানিক মূল্যের ৩৫%-এর বেশি অথবা সমতুল) মূল্যের যোগ্য অ্যাসাইনমেন্টের একটি উল্লেখযোগ্যভাবে সম্পন্ন করে থাকতে হবে। **দ্রষ্টব্য :** (১) ওপরের ই-ওয়ার্কস টেন্ডারসমূহের সম্পূর্ণ তথ্য সহ টেন্ডারের নথিপত্র, টেন্ডার খোলার নির্ধারিত তারিখের ১৫.০০ ঘণ্টা পর্যন্ত **http://.ireps.gov.in**-এই ওয়েবসাইটে পাওয়া যাবে। (২) ওপরের ই-ডাকের প্রেক্ষিতে ই-ডাকের রূপে ছাড়া আর কোন রূপে ডাক গ্রহণ করা হবে না। এই কারণে, বিক্রেতাদের, আইটি অ্যাক্ট, ২০০০-এর অধীনে সিসিএ দ্বারা জারি করা শ্রেণি-৩ সহ ডিজিট্যাল সিগনেচার সার্টিফিকেটসহ আইআরইপিএস-এর ওয়েবসাইটে নিজেদের নাম নথিভুক্ত করতে হবে। (৩) ফাইন্যান্সিয়াল রেট পেজে অন্তর্ভুক্ত এবং নিয়মানুযায়ী ডিজিট্যালি স্বাক্ষরিত দরসমূহ একমাত্র গ্রাহ্য করা হবে। যদি বিক্রেতাগণ, অন্য কোন রূপে/ লেটার হেডে দরসমূহ এবং অন্য যেকোন আর্থিক তথ্য সংযুক্ত করে জমা করেন, তাহলে, সেগুলি সঙ্গে সঙ্গে অগ্রাহ্য করা হবে এবং গ্রহণ করা হবে। (৪) ডকুমেন্টগুলি ডাকদাতাদের নিজস্ব সংস্থার দ্বারা স্বাক্ষরিত করে সংযোজিত করতে হবে। (৫) কোন সমস্যা হলে, আইআরইপিএস-এর ওয়েবসাইটে প্রাপ্ত হেল্পডেস্কের সঙ্গে যোগাযোগ করতে হবে। **1934/23(DG)**

North central railways @CPRONCR @northcentralrailway www.ncr.indianrailways.gov.in

---

উত্তর মধ্য রেলওয়ে G20

টেন্ডার বিজ্ঞপ্তি নং. : ১০৭২০২৩২০২৪ তারিখ : ০৮.১২.২০২৩

ই-টেন্ডারিং টেন্ডার বিজ্ঞপ্তি

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং)/উত্তর মধ্য রেলওয়ে, প্রয়াগরাজ, ভারতের রাষ্ট্রপতির জন্য এবং পক্ষে **১৭.০১.২০২৪** তারিখের **১৩.৩০** ঘণ্টা পর্যন্ত নিম্নলিখিত কাজের জন্য নির্ধারিত ফর্মে দুই প্যাকেট সিস্টেমের মাধ্যমে ই-টেন্ডার আহ্বান করছেন। টেন্ডারের বিস্তারিত বিবরণ নিম্নরূপ :-

ক্রঃ নং. : ০১	টেন্ডার নং. : ২৮২	কাজের আনুমানিক খরচ (₹) : ₹৮,২৩,৫৫,৯৫৩.৫১

কাজের নাম : এডিইএন/টিডিএল-এর অধীনে বিআরএন-ইটিএইচ বিভাগে গঠনের চিকিৎসা এবং ঘুমের ঘনত্ব বৃদ্ধির সাথে বিসিএম-এর পূর্বে ও পরে কাজ।

বিড সিকিউরিটি (₹) : ₹৫,৬১,৮০০.০০ | **সমাপ্তির সময়কাল :** ১২ মাস

ক্রঃ নং. : ০২	টেন্ডার নং. : ২৮৩	কাজের আনুমানিক খরচ (₹) : ₹২,৯৯,০৩,১৮০.০০

কাজের নাম : দ্বিতীয় পর্যায় : এডিইএন/এএলজেএন-এর অধীনে ইয়ার্ডে সেস মেরামত এবং মুক নিষ্পত্তি ।

বিড সিকিউরিটি (₹) : ₹২,৯৯,৫০০.০০ | **সমাপ্তির সময়কাল :** ০৮ মাস

ক্রঃ নং. : ০৩	টেন্ডার নং. : ২৮৪	কাজের আনুমানিক খরচ (₹) : ₹২,৯৯,০৩,১৮০.০০

কাজের নাম : দ্বিতীয় পর্যায় : এডিইএন/টিডিএল-এর অধীনে ইয়ার্ডে সেস মেরামত এবং মুক নিষ্পত্তি

বিড সিকিউরিটি (₹) : ₹২,৯৯,৫০০.০০ | **সমাপ্তির সময়কাল :** ০৮ মাস

ক্রঃ নং. : ০৪	টেন্ডার নং. : ২৮৫	কাজের আনুমানিক খরচ (₹) : ₹৮০,৯৯,৮৬৯.৫৯

কাজের নাম : এডিইএন/টিডিএল-এর অধীনে টুনলা-এ ছাদ প্রতিস্থাপন এবং অন্যান্য কাজের মাধ্যমে এনসিআর কলেজের উন্নতি।

বিড সিকিউরিটি (₹) : ₹১,৬২,০০০.০০ | **সমাপ্তির সময়কাল :** ০৮ মাস

সমস্ত টেন্ডার খোলার তারিখ : ১৭.০১.২০২৪, **অনুরূপ কাজের জন্য যোগ্যতার মানদণ্ড : ক্রঃনং.-১ :** পি.ওয়ে কাজ, **ক্রঃনং.- ২এবং ৩ :** আর্থ ওয়ার্ক গঠন, **ক্রঃনং.- ৪ :** বিল্ডিংয়ের কাজ (১) ই-টেন্ডার ফরম সকল টেন্ডারদাতাকে বিনামূল্যে প্রদান করা হবে। (২) উপরের ই-টেন্ডারের দুই প্যাকেট সিস্টেমের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ **১৩.৩০ ঘণ্টা** পর্যন্ত উপলব্ধ। টেন্ডার খোলার নির্ধারিত তারিখে অর্থাৎ **১৭.০১.২০২৪**। (৩) ওপরের টেন্ডারের প্রেক্ষিতে ই- ডাকের রূপে ছাড়া আর কোন রূপে ডাক গ্রহণ করা হবে না। এই উদ্দেশ্যে ডাকদাতাগণকে আইটি অ্যাক্ট ২০০০-এর অধীনে সিসিএ দ্বারা জারিকৃত ডিজিট্যাল সিগনেচার সার্টিফিকেট সহ আইআরইপিএস ওয়েবসাইটে নিজেদের নাম নথিভুক্ত করতে হবে। (৪) দরপত্রদাতারা টেন্ডার নথিতে প্রদত্ত শংসাপত্রের একটি অনুলিপি স্ট্যান্ডার্ড ফরম্যাটে জমা দেবেন, যা ছাড়া তাদের টেন্ডার বিবেচনা করা যাবে না এবং সংক্ষিপ্তভাবে বাতিল করা হবে। (৫) কোন অসুবিধা হলে আইআরইপিএস ওয়েবসাইটে প্রদত্ত হেল্পডেস্কের সঙ্গে যোগাযোগ করতে হবে। (৬) টেন্ডারদাতাকে বাধ্যতামূলকভাবে জিসিসি ২০২২-এর ১০ থেকে ১৮ (পার্ট-১) ধারা মেনে প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হবে, অন্যথায় অফারটি অসম্পূর্ণ অফার হিসাবে বিবেচিত হবে এবং সেই অনুযায়ী অগ্রাহ্য করা হবে। **2014/23(DG)**

North central railways @CPRONCR @northcentralrailway www.ncr.indianrailways.gov.in

---

आज़ादी का अमृत महोत्सव G20

भारत सरकार
कारपोरेट कार्य मंत्रालय
त्वरित कॉर्पोरेट समापन प्रसंस्करण केंद्र (सी-पेस),आई.आई.सी.ए. बिल्डिंग, 7वी मंज़िल,
प्लाट P-6,7,8, से.-5, आई.एम.टी. मानेसर, गुडगाँव, हरियाणा - 122050.
Email: roc.cpace@mca.gov.in

सत्यमेव जयते

Government of India
Ministry of Corporate Affairs
Centre for Processing Accelerated Corporate Exit (C-PACE)
IICA Building, 7th Floor,
Plot P-6,7,8, Sector-5, IMT Manesar,
Gurgaon, Haryana - 122050.

FORM No. STK —6
PUBLIC NOTICE
[Pursuant to sub-section (2) and sub-section (4) of section 248 of the Companies Act, 2013 and rule 7 of the Companies (Removal of Names of Companies from the Register of Companies) Rules, 2016]

Public NoticeNo.ROC/C-PACE/STK-2/248(2)/551 **Date: -29.11.2023**

রেফারেন্স

(১) কোম্পানি আইন ২০১৩ এর ধারা ২৪৮ এর অধীনে কলকাতা রাজ্যের স্ট্রাইক বা অপসারণের বিষয়ে ৩১টি (একত্রিশ) কোম্পানির নাম

ক্রঃ নং	কাজের বিষয়	সিআইএন	কোম্পানির নাম
১.	এএ৫৮৯৬৭০৭	ইউ৭৪৯৯৯ডাব্লুবি২০১৯পিটিসি২৩০০৮৪	ডেকার কনসালটিং প্রাইভেট লিমিটেড
২.	এএ৫৮৯৮৯৬০	ইউ২৪২৩১ডাব্লুবি১৯৯৬পিটিসি০৭৮৫৫৯	সিপিসি ফ্র্যাগন্যান্সেস প্রাঃ লিঃ
৩.	এএ৫৮৭২৮৫৩	ইউ৫১৯০৯ডাব্লুবি২০০০পিটিসি০৯০৮৯০	শ্রী বাণিজ্য বিকাশ প্রাঃ লিঃ
৪.	এএ৫৫৭২১৫৮	ইউ৫১৯০৯ডাব্লুবি২০০৮পিটিসি১২৩৯৯২	গুডউইল সেলস প্রাঃ লিঃ
৫.	এএ৬১২৮৯৮৮	ইউ০১৪০০ডাব্লুবি২০০৯পিটিসি১৩৪২৯৮	হাতি অ্যান্ড হাতি অ্যাগ্রো ইঞ্জিনিয়ারিং প্রাঃ লিঃ
৬.	এএ৪০৭৬২২৫	ইউ৭৪৯৯৯ডাব্লুবি২০১০পিটিসি১৫৩৫০০	কিডস মান্ডি ইন্ডিয়া প্রাঃ লিঃ
৭.	এএ৫৯১৫৯৭২	ইউ৫২১০০ডাব্লুবি২০১০পিটিসি১৫৩৬৩৯	রাঘানি টেক্সটাইল সার্ভিসেস প্রাঃ লিঃ
৮.	এএ৪৪১৫৭৯২	ইউ৭৪৯৯ডাব্লুবি২০১১পিটিসি১৬১০৬৮	হৃষীকেশ ডিলার্স প্রাঃ লিঃ
৯.	এএ৫৮২০৭৮৮	ইউ৭২০০ডাব্লুবি২০১২পিটিসি১৮৫০৩২	পাশিন ইনফোটেক প্রাঃ লিঃ
১০.	এএ৪২৬১০১৩	ইউ৭৪১৪০ডাব্লুবি২০০৬পিটিসি১১০৭০১	মুসকান কনসালট্যান্টস প্রাঃ লিঃ
১১.	এএ৬১৪৫৫৪৪	ইউ৭৪৯৯৯ডাব্লুবি২০১৭পিটিসি২২২৭৭৯	রিভার পাবলিশার্স ইন্ডিয়া প্রাঃ লিঃ
১২.	এএ৩৯৫২৯১	ইউ৭২৯০০ডাব্লুবি২০১৮পিটিসি২২৭৯১৬	সেনডিউক্স সার্ভিসেস প্রাঃ লিঃ
১৩.	এএ৪২১৬৮৭০	ইউ২৬০২ডাব্লুবি২০১৯পিটিসি২৩২৬৫০	ক্লিপক্স লাইফস্টাইল প্রাঃ লিঃ
১৪.	এএ৪৫৮৯২৫১	ইউ৮০৯০১ডাব্লুবি২০১৯পিটিসি২৩৪২৯৫	রবীন্দ্রনাথ বোস মেমোরিয়াল এডুকেশনাল ইনস্টিটিউশন প্রাঃ লিঃ
১৫.	এএ৫৭৭৭৮৪২	ইউ৭২৯০০ডাব্লুবি২০২০পিটিসি২৩৮৩৩৫	আপ্টাকিউলার টেকনোলজিস প্রাঃ লিঃ
১৬.	এএ৬০০৯১৫৬	ইউ৮০৯০২ডাব্লুবি২০২১পিটিসি২৪২৬৭১	নীলগগন অ্যাভিয়েশন প্রাঃ লিঃ
১৭.	এএ৬০১৮২৬৩	ইউ৭৪৯৯৯ডাব্লুবি২০২০পিটিসি২৪১৬৩১	সি-লাইভ সলিউশনস প্রাঃ লিঃ
১৮.	এএ৬১১১৪৯৫	ইউ৭৪৯৯৯ডাব্লুবি২০২১ওপিসি২৪৬৭০২	এমলিড (ওপিসি) প্রাঃ লিঃ
১৯.	এএ৫৪২৫৫৭৮	ইউ৭২৯০০ডাব্লুবি২০২১পিটিসি২৪৮৯৬৬	সাইল্যাবস ডিফেন্স রিসার্চ প্রাঃ লিঃ
২০.	এএ৬০৭১৫৩১	ইউ৮৫১১০ডাব্লুবি২০২২পিটিসি২৫৫৯৩৫	লংলাইফ হেলথকেয়ার প্রাঃ লিঃ
২১.	এএ৬০৮৫১৩৩	ইউ২৯৩০৯ডাব্লুবি২০২২পিটিসি২৫২৫৯১	শুদ্ধ বায়োটেক প্রাঃ লিঃ
২২.	এএ৬১৯৭৭৪৮	ইউ৭৪৯৯৯ডাব্লুবি২০২২পিটিসি২৫৩২৬৬	এসএনএস লিগ্যাল প্রাঃ লিঃ
২৩.	এএ৬০৩০১৯২	ইউ৬৩০০০ডাব্লুবি২০২৩পিটিসি২৫৯৬৭৮	কার্সন শিপিং অ্যান্ড লজিস্টিকস সার্ভিসেস প্রাঃ লিঃ
২৪.	এফ৫৭১০৭৮৮০	ইউ৫১২০ডাব্লুবি১৯৮২পিটিসি০৩৫৫১৯	শ্রীকৃষ্ণ নার্সিংহোম কোঃ প্রাঃ লিঃ
২৫.	এফ৬০১৪২৫৭৭	ইউ২৯১৯৯ডাব্লুবি১৯৯৭পিটিসি০৮৬১৪১	এসএসএমবি মেশিন ম্যানুফ্যাকচারিং কোঃ প্রাঃ লিঃ
২৬.	এফ৫৭৯৫২৪৫৯	ইউ৮৫১৯৫ডাব্লুবি২০০২পিটিসি০৯৫৩৭৫	সঞ্জীবনি হেলথ অ্যান্ড হাইজিন প্রাঃ লিঃ
২৭.	এফ৫৫৭৭৯৮২১	ইউ৮০৩০১ডাব্লুবি২০১০পিটিসি১৫১৩২৩	অমৃত স্কুলস প্রাঃ লিঃ
২৮.	এফ৬০৮৬০২৮৫	ইউ৭৪৯০০ডাব্লুবি২০০৯পিটিসি১৩৮৯৮৬	টিম ফিউচার ইম্প্রেসনস প্রাঃ লিঃ
২৯.	এফ০২৯২৯৭৮৪	ইউ৯৩০৯০ডাব্লুবি২০১৯পিটিসি২২৯৫৭১	নবদিগন্ত টেকনোভেশন প্রাঃ লিঃ
৩০.	এফ৫৩৯৬৯৭৪৭	ইউ৭২৯০০ডাব্লুবি২০১৯পিটিসি২৩২৬২১	গাব্বা ইনফোটেক প্রাঃ লিঃ
৩১.	এফ৬০৩১১৪০৪	ইউ৭২৯০০ডাব্লুবি২০২০পিটিসি২৩৭৭৭১	অপরচুন ভেঞ্চারস প্রাঃ লিঃ

(২) এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে, কোম্পানির রেজিস্টার কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ২৪৮(২) এর অধীনে উল্লিখিত কোম্পানিগুলির কাছ থেকে কোম্পানির রেজিস্টারের থেকে তার/তাদের নাম (গুলি) অপসারণের জন্য আবেদনগুলি পেয়েছেন যে কারণে তারা এক বছরের মধ্যে তাদের সংস্থার ব্যবসা শুরু করতে ব্যর্থ হয়েছে বা এই ভিত্তিতে যে কোম্পানি(গুলি) কোন ব্যবসা বা কার্যক্রম পরিচালনা করছে না আগের দুই আর্থিক বছরের জন্য এবং এই সময়ের মধ্যে কোম্পানি আইন, ২০১৩ -এর ধারা ৪৫৫ এর অধীনে একটি সুপ্ত কোম্পানির মর্যাদা পাওয়ার জন্য কোনো আবেদন করেনি বা কোম্পানি(গুলি) স্মারকলিপিতে নিষ্ক্রিয় কোম্পানি/গ্রাহকদের মর্যাদা পেয়েছে তারা সেই সময় পরিশোধ করার জন্য যে সাবস্ক্রিপশন গ্রহণ করেছিল তা পরিশোধ করেনি এবং এই প্রভাবে একটি ঘোষণা ধারা ১০এ -এর উপধারা (১) এর অধীনে কোম্পানির অন্তর্ভুক্তির একশত আশি দিনের মধ্যে এই বিষয়ে একটি ঘোষমা দাখিল করা হয়নি/ কোন ব্যবসা বা ক্রিয়াকলাপ চালিয়ে যাচ্ছে না, যা পরে প্রকাশ করা হয়েছে ধারা ১২-এর উপ-ধারা (৯) -এর অধীনে বাস্তবিক যাচাই করা হয়েছে, কিন্তু ইহা/তারা কোম্পানি হিসাবে এটি/তাদের রেজিস্ট্রেশন চালিয়ে যেতে চায় না এবং তাই, কোম্পানির রেজিস্টার থেকে এর/তাদের নাম অপসারণ/ স্ট্রাইক করার জন্য অনুরোধ করেছে।

(৩) তদানুসারে, কোম্পানির নিবন্ধক কোম্পানির রেজিস্টার থেকে উপরে উল্লিখিত কোম্পানিগুলির নাম অপসারণ বা স্ট্রাইক করার প্রস্তাব করেন।

(৪) প্রস্তাবিত কোম্পানির রেজিস্টার থেকে কোম্পানির নাম অপসারণ বা স্ট্রাইক করার বিষয়ে আপত্তি করে এমন কোনো ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ত্রিশ দিনের মধ্যে উপরে উল্লেখিত অফিসের ঠিকানায় তার আপত্তি পাঠাতে পারেন।

(হরিহরা সাহু)
রেজিস্ট্রার
সেন্টার ফর প্রসেসিং অ্যাকসিলারেটেড কর্পোরেট এক্সিট

CBC 07123/11/0223/2324

RASHTRIYA AYURVEDA VIDYAPEETH
(NATIONAL ACADEMY OF AYURVEDA)
(An autonomous organization under Ministry of Ayush, Govt. of India)
Dhanwantari Bhawan, Road No.66, Punjabi Bagh (West), New Delhi-110026
Phone Nos.: 011- 41681265 Email: gsp-ravdl@gov.in

ADMISSION NOTICE 2024–25

এক বছরের **''সার্টিফিকেট কোর্স অফ রাষ্ট্রীয় আয়ুর্বেদ বিদ্যাপীঠ (সিআরএভি)''**-তে ভর্তির জন্য রাষ্ট্রীয় আয়ুর্বেদ বিদ্যাপীঠ, নতুন দিল্লি (আরএভি) **০৭ জানুয়ারি, ২০২৪ (রবিবার), নতুন দিল্লি, পুনে, জয়পুর, বেঙ্গালুরু, বারাণসী ও ত্রিচুরে** একটি **লিখিত পরীক্ষা** গ্রহণ করা হবে, আইএমসিসি অ্যাক্ট ১৯৭০/ এনসিআইএসএম অ্যাক্ট ২০২০-এর অধীনে আয়ুর্বেদিক ডাক্তার যাঁরা যেকোনও অনুমোদিত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে বিএএমএস (আয়ুর্বেদাচার্য্য)/ এম ডি (আয়ুর্বেদ)/ এম এস (আয়ুর্বেদ) ডিগ্রি অর্জন করেছেনতাঁরাই যোগ্যতার জন্য বিবেচিত হবেন। আগ্রহী প্রার্থীগণ যোগ্যতার বিশদ, বিষয়সমূহ, নির্ধারিত ফরম্যাটের আবেদন, প্রসপেক্টাস, অন্যান্য তথ্যাবলী ইত্যাদির জন্য বিদ্যাপীঠের ওয়েবসাইট **www.ravdelhi.nic.in** দেখতে পারেন এবং তাঁরা অবশ্যই পূরণ করা আবেদনপত্র **শুধুমাত্র উপরোক্ত ঠিকানায় পোস্টের মাধ্যমে ২৭ ডিসেম্বর, ২০২৩-এর পূর্বে বা মধ্যে** পাঠাবেন।

ডিরেক্টর
রাষ্ট্রীয় আয়ুর্বেদ বিদ্যাপীঠ

CBC 17212/12/0002/2324

SMFG IndiaCredit Pragati Ki Nayi Pehchaan

SMFG INDIA CREDIT COMPANY LIMITED
(formerly Fullerton India Credit Company Limited)

কর্পোরেট অফিস : ১১তম তল, অফিস নং : ১০১, ১০২ ও ১০৩, ২ নর্থ অ্যাভিনিউ, মেকার ম্যাক্সিটি, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই-৪০০০৫১

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) (সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৮(১)-এর অধীনে)

যেহেতু সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২-এর অ্যাক্ট ৫৪)-এর অধীনে **এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড (পূর্বের ফুলেরটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড)** ইহার নিবন্ধীকৃত রেজিস্টার্ড অফিস মেঘ টাওয়ার্স, ৪র্থ তল, পুরনো ৩০৭, নতুন নং ১৬৫, পুনামাল্লি হাই রোড, মুদারাভয়্যাল, চেন্নাই, তামিলনাড়ু-৬০০৯৫ এবং কর্পোরেট অফিস ২ নর্থ অ্যাভিনিউ, মেকার ম্যাক্সিটি, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই-৪০০০৫১-এর অনুমোদিত আধিকারিক হিসাবে নিম্ন স্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩-এর সহিত পঠিত ১৩(১২) ধারার অধীনে এবং অর্পিত ক্ষমতা প্রয়োগ করে উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নিম্নে উল্লিখিত তারিখে ঋণগ্রহীতাগণকে আহ্বান জানিয়ে ডিমান্ড বিজ্ঞপ্তি ইস্যু করেছেন। এতদ্বারা নিম্নে উল্লিখিত ঋণগ্রহীতাগণ এবং নির্দিষ্টভাবে জনগণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, ঋণগ্রহীতাগণ অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৮-এর সহিত পঠিত অ্যাক্টের ১৩ ধারার উপধারা (৪)-এর অধীনে বর্ণিত সম্পত্তিগুলির প্রতীকী দখল নিয়েছেন।

ঋণগ্রহীতা/সহঋণগ্রহীতাগণ/ জামিনদাতাগণ ও লোন অ্যাকাউন্ট নম্বর	ডিমান্ড বিজ্ঞপ্তির তারিখ অর্থাংক	বন্ধকী সম্পত্তিসমূহ/স্থাবর সম্পত্তির বিবরণ	দখলের তারিখ দখলের ধরন
১. ফজল এবাদুল্লাহ ২. হেনা ফজল ও খালিদ এবাদুল্লাহ (বর্তমানে মৃত) পিতা পুত্র/কন্যা/স্ত্রী এবং অন্যান্য পরিচিত ও অপরিচিত উত্তরাধিকারী (গণ) ও আইনি প্রতিনিধিগণ, উত্তরাধিকারী এবং খালিদ এবাদুল্লাহর (অধুনা মৃত) নিযুক্ত উত্তরাধিকারীগণ লোন অ্যাকাউন্ট নম্বর ১৮৬৩২৬৩০০০০০২৬০ ও ১৮৬৩০১৩১০০০৮২০৮	০৩.০৮.২০২৩ টাঃ ৩,৬৩,৬৫,৪১৭/- [টাঃ তিন কোটি তেষট্টি লক্ষ পঁয়ষট্টি হাজার চারশো সতেরো মাত্র)	সুরক্ষিত সম্পদ-১ : ভবন সহ উল্লিখিত অফিস ফ্ল্যাটের ওয়ালস, ইয়ার্ডস, কম্পাউন্ড, ওয়েস, পথ, প্যাসেজ, অন্যান্য অধিকারের স্বাচ্ছন্দ্য এবং উপযোগী সুবিধা সহ একত্রে মিউনিসিপ্যাল হোল্ডিং নং. ১৩১, জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা- তপসিয়া, তৌজি নং. ২৮৩৩, মৌজা পূর্ব গোবরার অধীনে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, কলকাতা-৭০০০৪৬ -এর মিউনিসিপ্যাল ওয়ার্ড নং. ৫৯ -এর অধীনে প্রাঙ্গণ নং. ৭/১ তপসিয়া রোড (দক্ষিণ) অবস্থিত এবং কমবেশি প্রায় ৭ কাঠা এবং ১৩ ছটাক পরিমাপ জমির প্লটের উপর নির্মিত এবং গঠিত ভবনের সমগ্র পঞ্চম তলের ৬০০০ বর্গফুট পরিমাপ সুপার বিল্ট আপ এলাকা সমন্বিত এই সমস্ত অফিস ফ্ল্যাট। চতুর্সীমা: উত্তর: ৮ তপসিয়া রোড, পূর্ব: ৩০ ফুট চওড়া কে.এম.সি রোড, দক্ষিণ: ড্রেন / ক্যানেল, পশ্চিম: সমাধিস্থল। সুরক্ষিত সম্পদ-২ : ভবন সহ উল্লিখিত অফিস ফ্ল্যাটের ওয়ালস, ইয়ার্ডস, কম্পাউন্ড, ওয়েস, পথ, প্যাসেজ, অন্যান্য অধিকারের স্বাচ্ছন্দ্য এবং উপযোগী সুবিধা সহ একত্রে মিউনিসিপ্যাল হোল্ডিং নং. ১৩১, জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা- তপসিয়া, তৌজি নং. ২৮৩৩, মৌজা পূর্ব গোবরার অধীনে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, কলকাতা-৭০০০৪৬ -এর মিউনিসিপ্যাল ওয়ার্ড নং. ৫৯ -এর অধীনে প্রাঙ্গণ নং. ৭/১ তপসিয়া রোড (দক্ষিণ) অবস্থিত এবং কমবেশি প্রায় ৭ কাঠা এবং ১৩ ছটাক পরিমাপ জমির প্লটের উপর নির্মিত এবং গঠিত ভবনের সমগ্র পঞ্চম তলের ৬০০০ বর্গফুট পরিমাপ সুপার বিল্ট আপ এলাকা সমন্বিত এই সমস্ত অফিস ফ্ল্যাট। চতুর্সীমা: উত্তর: ৮ তপসিয়া রোড, পূর্ব: ৩০ ফুট চওড়া কে.এম.সি রোড, দক্ষিণ: ড্রেন / ক্যানেল, পশ্চিম: সমাধিস্থল।	০৯.১২.২০২৩ প্রতীকী
১. প্রেম পেইন্টস অ্যান্ড হার্ডওয়্যার ২. উমেদ প্যাটেল, এবং ৩. দিব্যা প্যাটেল লোন অ্যাকাউন্ট নম্বর ১৮৬৩০১৩১০৫৩৮৯৯২ ও ১৮৬৩০১৩১০৭১৯৭৯০	১৪.০৯.২০২৩ টাঃ ৯৬,৬০,৬৫৩.৭৫/- [টাঃ ছিয়ানব্বই লক্ষ ষাট হাজার ছয়শত তিপ্পান্ন ও পঁচাত্তর পয়সা মাত্র)	প্রাঙ্গণ নং. ৩৩, রাসবিহারী অ্যাভিনিউ, কলকাতা- ৭০০ ০২৬, ভবনের নাম রাস বিহারী উদ্যোগ-এর গঠন অংশ এবং একই অথবা কমবেশি ৬০০ বর্গফুট পরিমাপ সুপার বিল্ট আপ এলাকা সমন্বিত ষষ্ঠ তলের (দক্ষিণ-পূর্ব দিক) ফ্ল্যাট নং, ৫এ -এর সম্পত্তির সমগ্র অবিচ্ছেদ্য অংশ, উল্লিখিত ভবনের সুপার বিল্ট আপ এলাকা, এলাকা স্তম্ভ, ভিতরের দেওয়াল, বাইরের দেওয়াল দ্বারা আচ্ছাদিত স্থান, সিঁড়ি দ্বারা আচ্ছাদিত সমানুপাতিক এলাকা, লিফ্ট, ল্যান্ডিং, করিডর এবং অন্যান্য সাধারণ এলাকা এবং ভবনের সাধারণ স্থান, সীমাবদ্ধ গ্যারেজ স্থান সম্পূর্ণভাবে নির্মিত করা সমাপ্ত হয়েছে এবং উল্লিখিত ভবনের নিচতলায় গ্যারেজ তৈরি করা হয়েছে।	০৯.১২.২০২৩ প্রতীকী

নির্দিষ্টভাবে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সম্পত্তির সঙ্গে লেনদেন না করতে বলা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন করলে তা উপরোক্ত অর্থাংক ও তদোপরি সুদ এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড (পূর্বের ফুলেরটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেডের কাছে পরিশোধ সাপেক্ষ হবে।সুরক্ষিত সম্পত্তি উদ্ধার করতে প্রাপ্তব্য সময়ের প্রেক্ষিতে উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) উপ-ধারার নিয়মানুযায়ী ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

তারিখ : ১২/১২/২০২৩ স্বাঃ/- অনুমোদিত আধিকারিক
স্থান : কলকাতা এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড (পূর্বের ফুলেরটন ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড)